



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০১.০০০০.১৬১.৪০.২৬২.১৪.৭০

তারিখ: ১১ মাঘ ১৪২৯

২৫ জানুয়ারি ২০২০

বিষয়: **ভেজাল সার বাজারজাতকরণের অভিযোগে নিবন্ধন সনদ স্থগিত সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা কৃষি অফিসার, গুরুদাসপুর, নাটোর কর্তৃক একটি পরিদর্শন রিপোর্ট পাওয়া গিয়েছে। উক্ত রিপোর্টে মেসার্স সরদার ট্রেডার্সের এর দোকানে আপনার প্রতিষ্ঠান মেসার্স বায়োটেক এগ্রোভেট, প্রোঃ মোঃ আরশাদুর রহমান, ১০ আরামবাগ (৫ম তলা) মতিঝিল, ঢাকা-১০০০ এর একাধিক পণ্য ভেজাল হিসেবে বাজারজাতকরণের অভিযোগ উত্থাপিত হয়েছে এবং মোবাইল কোর্টের মাধ্যমে ৫০,০০০/- জরিমানা আদায় করা হয়েছে। মেসার্স সরদার ট্রেডার্সের নিকট আপনার প্রতিষ্ঠান এর সার বিক্রয়ের রশিদ থাকা সত্ত্বেও এরিয়া এক্সিকিউটিভ জনাব মোঃ ফরিদ হোসেন গত ০৪/০৮/২০২২ খ্রিঃ তারিখ উপজেলা কৃষি অফিসার, গুরুদাসপুর এর নিকট স্বাক্ষরিত লিখিত জবাবে “কোম্পানীর প্রত্যক্ষ কোন দায় নেই” বলে উল্লেখ করেছেন। অত্র দপ্তর থেকে অভিযোগের বিষয়ে আপনাকে পত্র প্রদান করা হলে আপনি মোবাইল কোর্টের মাধ্যমে “সরদার ট্রেডার্স” নামক প্রতিষ্ঠানকে আরোপিত দন্ড এর বিষয়ে আপনার প্রতিষ্ঠানের কোনরূপ সংশ্লেষ নেই মর্মে উল্লেখ করেছেন। অথচ আপনার প্রতিষ্ঠানের ইনভয়েসে (১) জিংক সালফেট (মনো) সার ব্র্যান্ড নাম- মনোজিংক সুপার এ প্রকৃত আইএমপি নম্বর ব্যবহার না করা এবং (২) বাতিলকৃত পণ্য “বায়োক্সল সুপার” বিক্রির প্রমাণ রয়েছে। তাই সার ব্যবস্থাপনা আইন, ২০০৬ এর ধারা ৮ (১) ও ধারা ১৩ অনুযায়ী অপরাধ সংঘটিত হওয়ায় জিংক সালফেট (মনো) এর সার আমদানী ও বাজারজাতকরণ নিবন্ধন নং- ৩৭৭৯ স্থগিত করা হল।

বাতিলকৃত অপর পণ্য “বায়োক্সল সুপার” বিক্রির এবং আইনের ধারা ৮(১) ও ধারা ১৩ লংঘনের কারণে কেন আপনার প্রতিষ্ঠানের সকল সনদ কেন বাতিল করা হবেনা তার জবাব ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২৫-১-২০২০

মো: তাজুল ইসলাম পাটোয়ারী
পরিচালক

ফোন: +৮৮০২৯১৪০৮৫০

ইমেইল: dfsw@dae.gov.bd

মেসার্স বায়োটেক এগ্রোভেট, প্রোঃ মোঃ আরশাদুর রহমান,
১০ আরামবাগ (৫ম তলা) মতিঝিল, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ১২.০১.০০০০.১৬১.৪০.২৬২.১৪.৭০/১(১১৬)

তারিখ: ১১ মাঘ ১৪২৯

২৫ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ২) উপপরিচালক (সার ব্যবস্থাপনা), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৩) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....(সকল)।
- ৪) উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,(সকল)।
- ৫) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।